স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার : ১ কোর্স : ১

বাংলা সাহিত্যের ইতিহাস (চর্যাপদ থেকে প্রাক্-ফোর্ট উইলিয়ম)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। বাংলা সাহিত্যের ইতিহাস রচনার ক্ষেত্রে চর্যাপদ আবিষ্কারের গুরুত্ব আলোচনা করো। ১০

২। 'গীতগোবিন্দম্' ও 'শ্রীকৃষ্ণকীর্তন' দুই পৃথক শ্রোতাগোষ্ঠীর জন্য রচিত কাব্য বলেই দুই কবি কৃষ্ণকথাকে দু'ভাবে রচনা করেছিলেন। সাংস্কৃতিক ইতিহাসের সূত্রে বিষয়টি পর্যালোচনা করো। ১০

৩। কৃত্তিবাসের অনুদিত রামায়ণ মধ্যযুগের বাঙালি জীবন ও সংস্কৃতির পরিচায়ক।--- আলোচনা করো। ১০

একক-২

৪। বৃন্দাবনদাস, লোচনদাস ও কৃষ্ণদাস কবিরাজের চৈতন্য জীবনীতে বিভিন্ন শাখার বৈষ্ণব দর্শন উঠে এসেছে। আলোচনা করো। ১০

৫। মনসামঙ্গল কাব্য রচনায় কেতকাদাস ক্ষেমানন্দের কৃতিত্ব বিচার করো। ১০

৬। অনুবাদক কবি সৈয়দ আলাওলের কবিকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

একক-৩

৭। ঘনরামের ধর্মমঙ্গল কাব্যে অষ্টাদশ শতকের সামাজিক বাস্তবতার প্রকাশ আলোচনা করো। ১০

৮। অষ্টাদশ শতকের গদ্য বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১০

৯। অষ্টাদশ শতাব্দীর বাংলা সাহিত্যে যুগসন্ধির লক্ষণ আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দু'টি): ২×৫ =১০

(ক) প্রাকৃতপৈঙ্গল

(খ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়'

(গ) জ্ঞানদাসের অনুরাগের পদ

(ঘ) রূপরাম চক্রবর্তীর কাব্য রচনার কাল

(চ) ভারতচন্দ্রের বিদ্যাসুন্দর কাব্য

(ছ) রামপ্রসাদ

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা বিভাগ

সেমেস্টার: ১ কোর্স : ২

সময়.: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রাচীন ও মধ্যযুগ: নির্বাচিত গ্রন্থ

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক — ১

১। চর্যাগীতির কাব্যমূল্য ও উত্তরাধিকার বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

২। 'অপণে রচি রচি ভবনির্বাণা।' — ছত্রটির আলোকে ২২ সংখ্যক চর্যাগানের 'ভব' ও 'নির্বাণ' ব্যাখ্যা করো। ১০

৩। 'চর্যাগীতি প্রাচীন বাঙালির বৃত্তি বিভাজিত সমাজের আকরগ্রন্থ।' — এ বিষয়ে তোমার অভিমত যুক্তিসহ ব্যাখ্যা করো। ১০

একক — ২

৪। 'পদ্মাপুরাণ' কাব্যে চাঁদ ও মনসার দ্বন্দ্ব সৃষ্টিতে কবি বিজয় গুপ্ত অসামান্য কৃতিত্ব দেখালেও শেষ পর্যন্ত এই দ্বন্দ্ব রক্ষা করতে ব্যর্থ হয়েছেন।' — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

৫। কবি বিজয় গুপ্তের 'পদ্মাপুরাণ' কাব্যে রস-বৈচিত্র্যের যে প্রকাশ ঘটেছে তা আলোচনা করো। ১০

৬। 'পদ্মাপুরাণ' কাব্যে ভাষা, ছন্দ ও অলঙ্কার সৃষ্টিতে কবি বিজয়গুপ্তের কৃতিত্ব বিচার করো। ১০

একক — ৩

৭। 'অন্নদামঙ্গাল' কাব্যে স্থপতি হিসেবে বিশ্বকর্মার ভূমিকা কতখানি মূল্যবান, তা নিজের ভাষায় লেখো। ১০

৮। 'অন্নদামঙ্গাল' কাব্যের 'মালিনী মাসী' সমস্ত বাংলা সাহিত্যে উল্লেখযোগ্য চরিত্র। প্রসঙ্গাটি পরিস্ফুট করো। ১০

৯। 'অন্নদামঙ্গাল' কাব্যে বর্ধমান রাজা এবং নগর কোটালের আচরণের মধ্য দিয়ে প্রশাসনিক শৈথিল্যের চূড়ান্ত নিদর্শন প্রকাশিত হয়েছে। এ বিষয়ে তোমার স্বাধীন অভিমত জানাও। ১০

১০। টীকা লেখো (যে-কোন দু'টি) : ২×৫=১০

(ক) কাঞ্জুর ও তাঞ্জুর

(খ) কাহ্নপা

(গ) 'পদ্মাপুরাণ' কাব্যে পুরাণ অনুষঙ্গ

(ঘ) 'বস্তুবদলপালা'

(ঙ) ঈশ্বরী পাটুনি

(চ) 'নগর পুড়িলে দেবালয় কি এড়ায়'

---------

স্নাতকোত্তর পরীক্ষা, ২০২৫

বাংলা

সেমেস্টার: ১ , কোর্স: ৩

প্রাচীন মধ্যযুগ: নির্বাচিত টেক্সট

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে রস বৈচিত্র্য সৃষ্টিতে বড়ু চণ্ডীদাসের কবিকৃতি বিচার করো। ১০

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' মূলত শ্রীরাধাসর্বস্ব লৌকিক জীবন রসের কাব্য।- এ বিষয়ে তোমার অভিমত ব্যাক্ত করো। ১০

৩। বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অনুসরণে রাধাবিরহ অংশটির কাহিনিগত তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

একক ২

৪। বিদ্যাপতি ও চণ্ডীদাস রচিত দুটি করে পাঠ্য পদ অবলম্বনে সেই পদের ভণিতার বিশেষত্বের পরিচয় দাও। ১০

৫। 'রয়নি ছোটি অতি ভীরু রমণী' ও 'কণ্টক গাড়ি কমল সম পদতল'- এই দুটি অভিসার বিষয়ক পদের পার্থক্য বুঝিয়ে দাও। ১০

৬। 'মনের মরম কথা তোমারে কহিয়ে এথা' ও 'আলো মুঞি জান না'- এই দুটি পদে জ্ঞানদাসের যে কবি প্রতিভার পরিচয় পাওয়া যায়, তা বিশদ করো। ১০

একক ৩

৭। 'অতি গূঢ় হেতু সেই ত্রিবিধ প্রকার'- 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যের আদিখন্ড: চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৮। 'এই ত সংক্ষেপে কহিল কৃষ্ণের স্বরূপ। ১০

এবে সংক্ষেপে কহি রাধা তত্ত্বরূপ।'- 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যের মধ্যখণ্ড: অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে উদ্ধৃতিটি ব্যাখ্যা করো।

৯। 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যের অন্ত্যখণ্ড: বিংশ পরিচ্ছেদ অবলম্বনে শিক্ষাষ্টক শ্লোকের বিষয়বস্তু আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে কোনো **দুটি**): ২x৫=১০

ক) 'তোহ্মার ঘরত অন্ন পাণি না খাইব।'

খ) নারদ

গ) 'তৈখনে বিগলিত তনু মন লাজ।'

ঘ) 'চরণের বাধা লইয়া দিব আমরা যোগাইয়া।'

ঙ) 'কৃষ্ণ প্রাপ্তি তারতম্য বহুত আছয়।'

চ) 'আত্মেন্দ্রিয় প্রীতিইচ্ছা তারে বলি কাম।

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫**

**বাংলা**

**সেমেস্টার: ১ কোর্স: ৪**

**ভাষাতত্ত্ব**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। রূপমূল সনাক্তকরণ পদ্ধতিটি বিস্তারিতভাবে আলোচনা করো। ১০

২। প্রাচীন, মধ্য ও আধুনিক বাংলায় বচনের ব্যবহার সম্পর্কে আলোচনা করো। ১০

৩। ঐতিহাসিক বিচারে বাংলা প্রত্যয়ের উদ্ভব সম্পর্কে আলোচনা করো। ১০

একক-২

৪। চমস্কির তত্ত্ব অনুসারে বাংলা বাক্য সংযোজনের ধরনগুলি উদাহরণসহ লেখো। ১০

৫। চমস্কির তত্ত্ব অনুসারে পারঙ্গমতাবোধ (Competence) ও ভাষাব্যবহার (Performance) সম্পর্কে আলোচনা করো। ৭+৩=১০

৬। বাধ্যতামূলক সংবর্তন কাকে বলে? বাংলা বাক্যের বিলোপনের বিভিন্ন ধরন সম্পর্কে উদাহরণসহ লেখো। ৩+৭=১০

একক-৩

৭। ঐতিহাসিক ও তুলনামূলক ভাষাবিজ্ঞানের পদ্ধতিগত দিকগুলি আলোচনা করো। ১০

৮। ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের অন্তর্গত ভাষাগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৯। মধ্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**): ২x৫=১০

(ক) পূরক রূপ

(খ) বিদেশি উপসর্গ

(গ) পুনর্লিখন সূত্র (Rewriting Rule)

(ঘ) বৈশ্বিক ব্যাকরণ (Universal Grammar)

(ঙ) বাহ্যিক পুনর্গঠন

(চ) প্রাচীনভারতীয় আর্যভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য